কার্ডের প্রতিশ্রুতিতে মানুষকে বিভ্রান্ত করা রাজনীতি নয়: আখতার হোসেন



সংগৃহীত ছবি

এনসিপির সদস্য সচিব আখতার হোসেন বলেন, অবাস্তব কার্ডের প্রতিশ্রুতি দিয়ে মানুষকে আশ্বাস দেওয়া তাদের পথ নয়। প্রতিশ্রুতি হতে হবে বাস্তবসম্মত, যাতে মানুষের প্রাপ্য অধিকার নিশ্চিত হয়।

শুক্রবার (২৩ জানুয়ারি) রংপুর পাবলিক লাইব্রেরি মাঠে এক নির্বাচনী সমাবেশে তিনি প্রশ্ন তোলেন, বিদ্যমান ভাতাই যেখানে সঠিকভাবে পৌঁছায় না, সেখানে নতুন কার্ড কার্যকর হওয়ার নিশ্চয়তা কী। তিনি স্বচ্ছতা, ন্যায়বিচার ও বৈষম্যহীন রাষ্ট্রব্যবস্থার কথা তুলে ধরেন।

তিনি আরও বলেন, রাষ্ট্রীয় সংস্কার ও আঞ্চলিক উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে কাজ করার প্রতিশ্রুতি দিচ্ছে তাদের জোট। মানুষের ন্যায্য প্রাপ্য পৌঁছে দিতে প্রশাসনিক জবাবদিহি নিশ্চিত করার কথাও উল্লেখ করেন।

সমাবেশে জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানসহ বিভিন্ন নেতা বক্তব্য দেন। অনুষ্ঠানে আখতার হোসেনকে শাপলা কলি প্রতীক দিয়ে সমর্থন জানানো হয় এবং গণভোটে ‘হ্যাঁ’ ভোট দেওয়ার আহ্বান জানানো হয়।